



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ৬১/২০২২

তারিখ : ৫ বৈশাখ, ১৪২৯
১৮ এপ্রিল, ২০২২

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে জনতা ব্যাংক লিমিটেড-এ ২০১৯ সাল ভিত্তিক 'এ্যাসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার' (Job ID-10124) এর ৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে ১৪ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে জনতা ব্যাংক লিমিটেড-এ ২০১৯ সাল ভিত্তিক 'এ্যাসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার' (Job ID-10124) এর ৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে অত্র সচিবালয়ের ১৬/০২/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২৯/২০২১ এর প্রেক্ষিতে বিগত ২৪/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ১৪ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (প্রধান ভবনের ৪র্থ তলা), মতিঝিল, ঢাকায় নিম্নরূপ তারিখ এবং সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	মোট	সময়
১০১৬১, ১০১৯২, ১০২১৬, ১০২৮৩, ১০৩৭৪, ১০৪৭৪, ১০৫৯৩, ১০৬০০, ১০৬৯১, ১০৭০৮, ১০৭৬১, ১০৮৫৩, ১০৯৫৮, ১১০৩০,	১৪	২৭/০৪/২০২২ দুপুর ২.০০টা

মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোনো ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে, ইতিপূর্বে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। দাখিলকৃত দলিলাদির চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রার্থীদের অবশ্যই মৌখিক পরীক্ষা শুরুর ১ ঘণ্টা পূর্বে রিপোর্ট করতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোনো কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না। প্রার্থীগণকে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং এতদসংক্রান্ত এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষার অব্যবহিত পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডের সহযোগী সদস্যদের নিকট জমা দিতে হবে:

১. মহাব্যবস্থাপক ও সদস্য-সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত আবেদনপত্র;
২. সদ্য তোলা ০৩ কপি রসিদ পাসপোর্ট সাইজ ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর লিখতে হবে);
৩. লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
৪. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ক্রমানুসারে সাজিয়ে এসএসসি/সমমান সনদ, এইচএসসি/সমমান সনদ, স্নাতক সনদ ও মার্কশীট, স্নাতকত্তোর সনদ ও মার্কশীট;
৫. ০২/০৩/২০২১ তারিখের পরে ইস্যুকৃত স্নাতক/ স্নাতকত্তোর পর্যায়ে সনদ/মার্কশীট-এ ফল প্রকাশের তারিখ উল্লেখ না থাকলে পরীক্ষা নিয়ন্ত্রক বা রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত ফল প্রকাশের তারিখ সংক্রান্ত সনদ;
৬. 'O' Level/ 'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদ (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
৭. অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার (বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার) সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক সাম্প্রতিক সময়ে প্রদত্ত জাতীয়তা সনদপত্র/নাগরিক সনদপত্র (কোন অবস্থাতেই অনলাইন আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তনযোগ্য নয়);
৮. মুক্তিযোদ্ধা সংক্রান্ত প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধা সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র;
৯. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর হতে প্রতিবন্ধীতার স্বপক্ষে প্রদত্ত সনদপত্র;
১০. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রার্থীদেরকে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ সম্পর্কিত প্রমাণক দলিলাদির সনদপত্র এবং
১১. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।

বিশেষ দৃষ্টব্য

- ক) প্রকাশিত ফলাফলে কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে তা সংশোধনের অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।
- খ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ তথ্য/দলিলাদির কারণে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে প্রার্থীর সাথে কোনো যোগাযোগ ছাড়াই প্রার্থীতা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।
- গ) প্রার্থীকে অবশ্যই মাস্ক পরিধান করে আসতে হবে এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সাঈদুর রহমান খান)
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি